

উপজেলা পরিষদ কার্যালয়  
মহেশপুর, ঝিনাইদহ।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি র সভার কার্যবিবরণী :

সভাপতি : মোছাঃ হাসিনা খাতুন  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
মহেশপুর, ঝিনাইদহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়  
মহেশপুর, ঝিনাইদহ।  
সভার তারিখ : ১২/৯/২০২১ খ্রিঃ।  
সভার সময় : ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর (ক্রমানুসারে)	স্বাক্ষর
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, যাদবপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, ফতেপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, পাতাপাড়া ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক অফিসার, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। চেয়ারম্যান, ফতেপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সভাপতি সদস্য সচিবকে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।


০২। সিনিয়র উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়নাবীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রণয়নের সুযোগ আছে। এ প্রসঙ্গে কমিটির সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম, চেয়ারম্যান, ০২ নং ফতেপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ সভাকে অবহিত করেন যে, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক প্রযুক্তিগত মানোন্নয়নের লক্ষ্যে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন প্রয়োজন। এ লক্ষ্যে ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প উপজেলা পরিষদে প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে আলোকপাত করা যেতে পারে।

সিদ্ধান্ত : যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন মানোন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের জন্য উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা :

ক্র:	উপ-প্রকল্পের নাম	বাস্তবায়নকারী বিভাগ
০১	যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ।	আইন শৃংখলা

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি


ও  
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
মহেশপুর, ঝিনাইদহ

স্মারক নং- উপ/আইন-শৃংখলা/মহেশ/ঝিনাই/২০২০- ২৭০/২(৫)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।
- ০৩। অফিস কপি।

তারিখ : ১২/৯/২০২১ খ্রিঃ।

  
শেয়দ শাহরিয়ার আকাশ  
উপজেলা প্রকৌশলী  
মহেশপুর, ঝিনাইদহ।